**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 04-03-2026** **Desk in Charge : Kalyan L.**

**Time : 7-35 A.M.** **Compiling : Nitish M./ Susmita S.**

**DEO: KB** **NRT : Susmita Sen**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

বিশেষ বিশেষ খবরঃ-

১/ সংশোধিত নাগরিকত্ব আইন CAA-এর অধীনে ভারতের নাগরিকত্ব সংক্রান্ত আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন করেছে।

২/ বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা, পশ্চিমবঙ্গ থেকে রাজ্যসভায় দলের প্রার্থী হচ্ছেন।

৩/ উত্তরবঙ্গের ক্ষুদ্র চা চাষীদের জন্য স্বল্প সুদের ঋণ প্রকল্পে অনুমোদন দিয়েছে নাবার্ড।

৪/ আজ রং-এর উৎসব হোলি। বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্য তথা দেশের বিভিন্ন অংশে পালিত হচ্ছে রং-এর এই উৎসব।

৫/ ইডেনে আজ T-20 ক্রিকেট বিশ্বকাপের প্রথম সেমিফাইনাল ম্যাচে দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

৬/ যুবভারতী ক্রীড়াঙ্গনে ISL ফুটবলের ম্যাচে আগামী শুক্রবার মোহনবাগান সুপার জায়ান্ট ও ওড়িশা এফসি-র খেলায়, স্টেডিয়াম আংশিক বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সর্বভারতীয় ফুটবল সংস্থা এআইএফএফ ।

*****************************************************************

সংশোধিত নাগরিকত্ব আইন (CAA) এর অধীনে ভারতের নাগরিকত্ব সংক্রান্ত আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন করেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের এক গেজেট বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কমিটির নেতৃত্বে থাকবেন ডেপুটি সেক্রেটারি বা তার উর্ধ্বতন পদমর্যাদার কোনো আধিকারিক। এই আধিকারিককে মনোনীত করবেন ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং আদমশুমারি কমিশনার। বিপুল সংখ্যক আবেদনের দ্রুত নিষ্পত্তির জন্য দুটি অতিরিক্ত প্যানেল গঠনেরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে ইতিমধ্যেই এধরনের দুটি কমিটি রয়েছে।

আগেই জানানো হয়েছে, সংশোধিত নাগরিকত্ব সংশোধন আইন (CAA) এর আওতায় পাকিস্তান, আফগানিস্তান এবং বাংলাদেশ থেকে আসা হিন্দু, শিখ, খ্রিস্টান, বৌদ্ধ, জৈন এবং পার্সি ধর্মাবলম্বীদের নাগরিকত্ব প্রদানের ব্যবস্থা করা হয়েছে। ২০১৪ এর ৩১ শে ডিসেম্বরের আগে যারা নিজেদের দেশে ধর্মীয় নিপীড়নের আশঙ্কায় ভারতে এসেছিলেন তারাই এর আওতায় পড়বেন।

*************************

বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা পশ্চিমবঙ্গ থেকে দলের রাজ্যসভার প্রার্থী হচ্ছেন। নতুন দিল্লীতে আজ বিজেপির এক প্রেস বিজ্ঞপ্তিতে প্রার্থী তালিকা ঘোষণা করা হয়। শ্রী সিনহা দীর্ঘদিন দলের সাংগঠনিক স্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। রাজ্যে বিজেপির সূচনার সময় থেকেই তিনি সক্রিয়ভাবে এর সঙ্গে যুক্ত ছিলেন। বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতিও ছিলেন রাহুল সিনহা।

রাজ্যসভার প্রার্থী হিসাবে মনোনীত হওয়ার পর রাহুল সিনহা সাংবাদিকদের বলেন, রাজ্যের মানুষের সমস্যাকে আরো গুরুত্ব দিয়ে সংসদে তুলে ধরতে তিনি সচেষ্ট থাকবেন।

( বাইট-  রাহুল সিন্‌হা )

উল্লেখ্য, পশ্চিমবঙ্গের ৫ টি সহ ১০ রাজ্যের ৩৭ টি রাজ্যসভার আসনে ভোট নেওয়া হবে ১৬ ই মার্চ। আগামীকাল ৫ ই মার্চ পর্যন্ত মনোনয়নন পত্র দাখিল করা যাবে।

***************************

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল এবং তাঁর পরিবারের সম্পত্তি নিয়ে শাসক দলের নেতা-নেতৃর তোলা অভিযোগ খারিজ করে দিয়েছেন তিনি। CEO বলেছেন, তাঁর স্ত্রী ১৯৮৩ সাল থেকে ধারাবাহিকভাবে আয়কর রিটার্ন দাখিল করে আসছেন। তাঁর অর্জিত এবং সমস্ত সম্পদ'ই সম্পূর্ণরূপে ঘোষিত এবং আয়কর বিভাগ যথাযথভাবে তার মূল্যায়ণ করেছে। তাঁদের আর্থিক বিষয়গুলি স্বচ্ছ এবং আইনসিদ্ধ বলে'ও মনোজ আগরওয়াল দাবী করেন।

***************************

পশ্চিম বর্ধমানের সালানপুর থানার রূপনারায়নপুরে দলীয় পতাকা লাগানোর সময় বিজেপি কর্মীদের উপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। দুপক্ষের হাতাহাতির জেরে গুরুতর আহত হন এক বিজেপি কর্মী। তৃণমূল কংগ্রেস অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

এই ঘটনার প্রতিবাদে গতকাল বিজেপি আসানসোল চিত্তরঞ্জন রোড অবরোধ করে , টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখায়। পরে পুলিশি হস্তক্ষেপে অবরোধ উঠে যায়।

জানা গেছে, আগামীকাল ( ৫'ই মার্চ ) কল্যানেশ্বরী থেকে দলের পরিবর্তন যাত্রা উপলক্ষ্যে রূপনারায়নপুরে কর্মীরা দলীয় পতাকা লাগাচ্ছিল। সেসময় তৃনমুল কংগ্রেস নেতা ভোলা সিংয়ের নেতৃত্বে দুষ্কৃতিরা তাদের উপর হামলা চালায়। বার বার পুলিশকে জানানো সত্ত্বেও পুলিশ সেখানে যায়নি বলে অভিযোগ করেন বিজেপি নেতা অরিজিৎ রায়।

*************************

মাদক পাচার চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে মুর্শিদাবাদের বহরমপুর পুরসভার বিরোধী দলনেতা, ৪ নম্বর ওয়ার্ডের কংগ্রেস কাউন্সিলরকে নোটিস দিয়ে হাজিরার নির্দেশ দিয়েছে পুলিশ। প্রাক্তন সাংসদ অধীর চৌধুরীর ঘনিষ্ঠ , মুর্শিদাবাদ জেলা কংগ্রেসের এসসি-এসটি সেলের সভাপতি হীরু হালদারকে গত রবিবার কোচবিহারের বক্সিরহাট থানার পুলিশ ওই নোটিস পাঠায়। এই ঘটনায় অস্বস্তিতে মুর্শিদাবাদ জেলা কংগ্রেস নেতৃত্ব।

*************************

পশ্চিম এশিয়ায় যুদ্ধের ফলে আন্তর্জাতিক ক্ষেত্রে উদ্ভুত জ্বালানি পরিস্থিতির মধ্যে, সরকার দেশে যাতে এর জন্য কোন সমস্যা দেখা না দেয় তা নিশ্চিত করেছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, ভারত পেট্রোলিয়াম পণ্যের তৃতীয় বৃহত্তম আমদানিকারক, চতুর্থ বৃহত্তম পরিশোধক এবং পঞ্চম বৃহত্তম রপ্তানিকারক। বর্তমান উদ্ভুত পরিস্থিতির মোকাবিলা করার জন্য পর্যাপ্ত জ্বালানি মজুত রয়েছে।স্বল্পমেয়াদী সমস্যা মোকাবিলা করার জন্য ভারতে অপরিশোধিত তেল, পেট্রোল, ডিজেল সহ গুরুত্বপূর্ণ পেট্রোলিয়াম পণ্যের মজুত রয়েছে। পশ্চিম এশিয়ায় অঞ্চলে উদ্ভূত পরিস্থিতিতে সরবরাহ ব্যহত হচ্ছে ঠিকই, তবে বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে মন্ত্রক দেশজুড়ে পেট্রোলিয়াম পণ্যের সরবরাহ এবং মজুতের বিষয়ে নজরদারি চালাচ্ছে।

*************************

আজকের প্রসঙ্গ-এ আজ শুনবেন বিশেষ আলোচনা বিশ্ব রাজনৈতিক প্রেক্ষাপটে ভারত। প্রফেসর ইমন কল্যাণ লাহিড়ীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

*************************

উত্তরবঙ্গের ক্ষুদ্র চা চাষিদের জন্য স্বল্পসুদের ঋণ প্রকল্পে অনুমোদন দিল জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক বা নাবার্ড। এই প্রকল্পের আওতায় প্রথমবারের মতো উত্তরবঙ্গের প্রায় ৫০ হাজার ক্ষুদ্র চা বাগান প্রাতিষ্ঠানিক ঋণের সুবিধা পেতে চলেছে।

জলপাইগুড়ি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে , ব্যক্তিগত মালিকানাধীন ক্ষুদ্র চা বাগান এবং সমবায়ের অধীনে পরিচালিত চাষিরা প্রত্যেকে ১ লক্ষ ৪৩ হাজার টাকা পর্যন্ত ঋণ ৭ শতাংশ সুদে পাবেন।

তবে ঋণগ্রহীতা যদি এক বছরের মধ্যে সম্পূর্ণ অর্থ শোধ করে দেন, তা হলে সুদের হার হ্রাস পেয়ে হবে ৪ শতাংশ। দ্বিতীয় বছরে একই সুদের হারে অতিরিক্ত ৬৪ হাজার টাকা ঋণ দেওয়া হবে বলেও জানানো হয়েছে।এই প্রকল্প নাবার্ডের রিফাইন্যান্স প্রক্রিয়ার আওতায় আনা হয়েছে। ফলে ক্ষুদ্র চা চাষিদের আর্থিক সুরক্ষা এবং উৎপাদনশীলতা বৃদ্ধিতে তা গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলেই মনে করা হচ্ছে।

*************************

কোচবিহার শহরের নিউ কদমতলা এলাকায় গতসন্ধ্যায় তিন ব্যক্তির মধ্যে বচসা ও সংঘর্ষের জেরে ছুরির আঘাতে গুরুতর আহত হন এক যুবক। গৌরব দে সরকার ও তাঁর বাবার সঙ্গে বচসা চলাকালীন গৌরবকে ছুরির আঘাত করে রাজা অধিকারী নামে এক ব্যক্তি। গুরুতর আহত অবস্থায় কোচবিহারের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন গৌরব।

*************************

মুর্শিদাবাদের ডোমকল সুপার স্পেশালিটি হাসপাতালের তিন তলার প্রসূতি বিভাগে গতরাতে আগুন লাগলে, আতঙ্ক ছড়ায় হাসপাতাল চত্বরে। সুত্রের খবর, হাসপাতালের প্রসূতি বিভাগের পোষ্ট অপারেটিভ ওয়ার্ডে মোবাইল চার্জিং এর সময় শর্ট সার্কিট থেকে এই আগুন লাগে। মুহূর্তের মধ্যে ধোঁয়ায় ঢেকে গেলে, নবজাতক শিশুদের নিয়ে ওয়ার্ড ছেড়ে বেরিয়ে আসেন হাসপাতালে ভর্তি থাকা প্রসূতি মা এবং তাঁদের পরিজনেরা। দমকলের একটি ইঞ্জিন এবং হাসপাতালের অগ্নিনির্বাপণ ব্যবস্থার সাহায্যে আগুন দ্রুত নেভানোর ফলে কোন প্রাণহাণীর ঘটনা ঘটেনি।

**************************

আজ রং-এর উৎসব হোলি। বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্য তথা দেশের বিভিন্ন অংশে পালিত হচ্ছে রং-এর এই উৎসব। শ্রীকৃষ্ণের জন্মস্থান মথুরা এবং তাঁর লীলাক্ষেত্র বৃন্দাবনে, হোলি উৎসবে সামিল হতে দেশের নানা প্রান্ত এবং বিদেশ থেকে বহু ভক্ত ভিড় জমিয়েছেন । এছাড়া, দিল্লি, উত্তরপ্রদেশ, হরিয়ানা, পাঞ্জাব, মধ্য প্রদেশ, রাজস্থান সহ  দেশের অন্যন্য রাজ্যেও মহাসমারোহে পালিত হচ্ছে রং-এর উৎসব।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, (প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী), লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, হোলি উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

রাষ্ট্রপতি তাঁর বার্তায় বলেছেন, হোলি হল আনন্দের উৎসব। এর উদ্‌যাপন সামাজিক সম্প্রীতির বার্তা বহন করে। এই উৎসব সমাজে ভালবাসা ও আশার প্রসার ও সামাজিক সংহতির চেতনাকে শক্তিশালী করে। তিনি হোলিকে,  বৈচিত্রের মধ্যে ঐক্যের প্রতীক বলে অভিহিত করেন।

**************************

হোলি উপলক্ষে মেট্রো রেল আজ তাদের তিনটে করিডরে কম ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। শহীদ ক্ষুদিরাম-দক্ষিণেশ্বর শাখায় ব্লু লাইনের আপ ও ডাউনে ২৭২'টির পরিবর্তে ১৯৪ টি ট্রেন চালানো হবে। অন্যদিকে গ্রীন লাইনে ২২৮টির পরিবর্তে ১৮৬ টি ও ইয়ালো লাইনে ১২০টির পরিবর্তে ৯২ টি ট্রেন চালবে।

তবে ঐদিন অরেঞ্জ ও পার্পেল লাইনে স্বাভাবিক পরিষেবা থাকবে বলে মেট্রোর তরফে জানানো হয়েছে।

*************************

দোলযাত্রা উপলক্ষ্যে গতকাল অনেক জায়গায় আয়োজন করা হয় নগর সংকীর্তন ও বসন্ত উৎসবের।

নদিয়ার নবদ্বীপ ও মায়াপুরে দোল পূর্ণিমায় গতকাল শ্রীচৈতন্য মহাপ্রভু-র আবির্ভাব দিবস উদযাপিত হয়। এই উপলক্ষে এক মাসব্যাপী ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে। জেলার কল্যাণী-র ঘোষপাড়ায় বসেছে ঐতিহ্যবাহী সতীমার মেলা।

৫০০ বছরের বেশী প্রাচীন পূর্ব বর্ধমানের পূর্বস্থলী এক নম্বর ব্লকের দোগাছিয়ায় ঐতিহ্যবাহী চারদিনের দোলা উৎসবকে কেন্দ্র করে বসেছে মেলা। মেলার অন্যতম আকর্ষণ বিরাট আকারের মিষ্টি। ছ-সাত কেজী ওজনের এই মিষ্টির দাম ২'হাজার টাকা পর্যন্ত। মেলায় হচ্ছে নানা সাংস্কৃতিক উৎসব'ও।

তবে এবছর শান্তিনিকেতনে দোলে, বসন্ত বন্দনা হয়নি। পরিবর্তে আগামীকাল এবং শুক্রবার ৬ই মার্চ গৌড়প্রাঙ্গনে বসন্ত বন্দনার আয়োজন করা হয়েছে।

এদিকে, পুলিশ সূত্রে জানানো হয়েছে, দোলের জন্য গতকাল উশৃঙ্খল আচরণের জন্য ৩৩০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বাজেয়াপ্ত হয়েছে ২৫ লিটার বেআইনি মদ।

*************************

দোলের দিন গতকাল বিকেলে শোভাবাজার ঘাটে গঙ্গায় স্নান করতে গিয়ে এক ব্যক্তির মৃত্যু হয়। সমীর মাইতি নামে বছর ৫২-র ওই ব্যক্তির বাড়ি মধ্যমগ্রাম থানা এলাকায়।

মালদা জেলার কালিয়াচককের বীরনগর রাধানাথ টোলা গ্রামের দুই নাবালিকা গঙ্গায় তলিয়ে যায়। পুলিশ সূত্রে জানা গেছে, ইশা ঘোষ ও নন্দিনী ঘোষ নামে ওই দুই বোন, গতকাল দোল খেলার পর মায়ের সঙ্গে বীরনগর সরকার টোলা গঙ্গার ঘাটে স্নান করতে নেমে ডুবে যায়। তল্লাশি চালিয়ে ইশাকে উদ্ধার করে হাসপাতালে পাঠালে, চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। নন্দিনীর এখনো খোঁজ মেলেনি।

*************************

**ইডেনে আজ T-20 ক্রিকেট বিশ্বকাপের প্রথম সেমিফাইনাল ম্যাচে দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।**

**ইডেনে সেমি ফাইনাল ম্যাচ দেখতে আসা ক্রিকেট প্রেমীদের জন্য কলকাতা মেট্রোর ব্লু লাইনে আজ Esplanade - দক্ষিণেশ্বর এবং Esplanade - শহীদ ক্ষুদিরাম এর মধ্যে বিশেষ মেট্রো পরিষেবা দেওয়া হবে। এজন্য Esplanade Metro স্টেশনে বুকিং কাউন্টার খোলা থাকবে।**

*************************

যুবভারতী ক্রীড়াঙ্গনে ISL ফুটবলের ম্যাচে আগামী শুক্রবার মোহনবাগান সুপার জায়ান্ট ও ওড়িশা এফসি-র খেলায়, স্টেডিয়াম আংশিক বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সর্বভারতীয় ফুটবল সংস্থা এআইএফএফ ।

এর আগে কেরালা ব্লাস্টারসের বিরুদ্ধে ম্যাচ চলাকালীন মোহনবাগানের সমর্থকদের

দুর্ব্যবহারের অভিযোগের প্রমাণ মেলায়, এই ম্যাচটি দর্শকশূন্য স্টেডিয়ামে করার নির্দেশ দেয় এআইএফএফ-এর শৃঙ্খলারক্ষা কমিটি। ফেডারেশনের সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য মোহনবাগান আবেদন জানালে, কর্তৃপক্ষ ওড়িশার ম্যাচে স্টেডিয়াম পুরোপুরি না হলেও আংশিক বন্ধ রাখার নির্দেশ দেয়। তবে কতজন দর্শক মাঠে প্রবেশ করতে পারবেন, তা’ এখনো জানানো হয়নি।

****************************************************************